গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
রাজস্ব শাখা
www.rangpur.gov.bd

নম্বর-০৫.৫৫.৮৫০০.০১০.০০.০০০.২৩.২৫০৫

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ / 27 সেপ্টেম্বর ২০২৩

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য সম্পদ উন্নয়ন, প্রকৃত মৎস্যজীবীদের দারিদ্র্য বিমোচন ও আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে 'উন্নয়ন প্রকল্পের' আওতায় ২০ (কুড়ি) একরের উর্ধ্বের নিম্ন বর্ণিত সীমিত সংখ্যক বদ্ধ জলমহাল ১৪৩১-১৪৩৬ বাংলা সনের জন্য ৬ (ছয়) বছর মেয়াদে ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র/বিধিবিধানের আলোকে শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৭/০৮/২০২৩খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৫৭৮ নং প্রজ্ঞাপনের সিডিউল অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ (কুড়ি) একরের উর্ধ্বের আয়তনের জলমহালের ইজারা কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ০৪ কার্তিক থেকে ৩০ কার্তিকের মধ্যে আগ্রহী নিবন্ধনকৃত রংপুর জেলাধীন প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি ভূমি মন্ত্রণালয় বরাবর নিম্নবর্ণিত শর্তে অনলাইনে আবেদন করতে অনুরোধ করা হলো;

ক্র: নং	জলমহালের নাম	উপজেলার নাম	মৌজার নাম	আয়তন (একরে)	ইজারার মেয়াদ (বঙ্গাব্দ)	সরকারি ইজারামূল্য (১৪৩১-১৪৩৬)	অনলাইনে আবেদনের তারিখ	ইজারার মেয়াদ
০১	কাফ্রিখাল বিল	মিঠাপুকুর	ঈদগারপুর ও জালালপুর	৭২.৭৫	১৪৩১-১৪৩৬	১১০১৭৯৬	বাংলা ০৪ কার্তিক হতে ৩০ কার্তিক পর্যন্ত ইংরেজি ২০/১০/২০২৩খ্রি: হতে ১৫/১১/২০২৩খ্রি:	০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৬ বঙ্গাব্দ পর্যন্ত
০২	চিত্রালী বিল	মিঠাপুকুর	কসবা	২১.৬৩	১৪৩১-১৪৩৬	১৫৭১১২২		
০৩	আত্রাই বিল	পীরগঞ্জ	দুরামিঠিপুর	৪৮.২৪	১৪৩১-১৪৩৬	৬৯৩৩৩৬		
০৪	ছেড়াছেড়ির বিল	পীরগঞ্জ	জাহিদপুর	৩৩.৬১	১৪৩১-১৪৩৬	৩৪৭৩৪৮		
০৫	উন্তা বিল	বদরগঞ্জ	জামুবাড়ী	৭৪.১১	১৪৩১-১৪৩৬	৬১৪২৭১২		
০৬	বাঁশদহ বিল	বদরগঞ্জ	কালুপাড়া	২৬.১৬	১৪৩১-১৪৩৬	২৬৮১২৭০		
০৭	মাসানকুড়া বিল	পীরগাছা	তালুককান্তি নিজপাড়া ও তালুককান্তি কাবিলাপাড়া	২২.২৩	১৪৩১-১৪৩৬	৩৭৩৭৭০		
০৮	তপশীডাঙ্গা বিল	কাউনিয়া	আরাজি সাহাবাজ	২৫.৬৮	১৪৩১-১৪৩৬	৬৬৩৫৪৬		
০৯	হাতখোপা বিল	তারাগঞ্জ	কৃষ্ণপুর	৩৫.২৩	১৪৩১-১৪৩৬	২০৬৮৪৯৬		

০১. প্রকৃত মৎস্যজীবী সমিতি/মৎস্যজীবী সংগঠন ২০/১০/২০২৩ হতে ১৫/১১/২০২৩খ্রি: (০৪ কার্তিক থেকে ৩০ কার্তিক) এর মধ্যে ভূমি মন্ত্রণালয় বরাবর অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের লিঙ্ক (http://jm.lams.gov.bd)।

০২. অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, চাহিত সংশিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরের রাজস্ব শাখায় নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাক্সে ১৬/১১/২০২৩খ্রি. হতে ২০/১১/২০২৩খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। ইজারাপ্রাপ্ত সমিতি কর্তৃক দাখিলকৃত জামানত বাবদ ২০% টাকা শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৩. আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) চালানের মাধ্যমে জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১ কোডে জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৪. নির্বাচিত মৎস্যজীবী সমবায় সমিতিকে ১ম বছরের ইজারামূল্যসহ মোট ইজারামূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট একযোগে চালানের মাধ্যমে যথাযথ কোডে জমা প্রদানপূর্বক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

০৫. ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

০৭. কোন কারণবশত ইজারা প্রদান কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩১ বঙ্গাব্দ ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারাগ্রহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভুক্ত সকল জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র ১৪৩৬ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

০৮. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত রংপুর জেলাধীন প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

০৯. দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০. (ক) উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে); (খ) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশনের সত্যায়িত কপি; (গ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি; (ঘ) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী এই মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে প্রত্যয়নপত্র; (ঙ) প্রকৃত মৎস্যজীবী মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে, নিজেরাই তা পরিচালনা করবেন এমন অংগীকারনামা; (চ) সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।

১১. কোন প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ০১ (এক)টির অধিক জলমহাল উন্নয়ন প্রকল্পে ইজারা/বন্দোবস্ত পাবে না।

১২. উপরোক্ত তালিকায় বর্ণিত কোন একটি জমলহাল বিষয়ে কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা কিংবা মহামান্য আদালতের ভিন্নরূপ কোন আদেশ থাকলে সংশ্লিষ্ট জলমহালটি অত্র ইজারা বিজ্ঞপ্তি বহির্ভূত হবে মর্মে গণ্য হবে।

১৩. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪. কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন সম্পর্কে যে কোন উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭।০৯।২৩
মোহাম্মদ মোবাশ্বের হাসান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রংপুর।

নম্বর-০৫.৫৫.৮৫০০.০১০.০০.০০০.২২৩.২৫০৫(৮০)

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ / ২৭ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য .... উপদেষ্টা, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রংপুর।
০২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. পুলিশ সুপার, রংপুর।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে ইজারা বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)-

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর/পীরগঞ্জ/বদরগঞ্জ/পীরগাছা/কাউনিয়া/তারাগঞ্জ, রংপুর।
০৪. জেলা মৎস্য কর্মকর্তা (তাঁকে সরেজমিন পরিদর্শনপূর্বক আয়তন, বর্তমান অবস্থা, উৎপাদনশীলতা ও বাস্তবতার নিরিখে বিজ্ঞপ্তিভুক্ত জলমহালসমূহের সম্ভাবনার বিষয়ে জরুরি ভিত্তিতে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
০৫. জেলা সমবায় অফিসার, রংপুর (তাঁকে নিবন্ধিত মৎস্যজীবি সমবায় সমিতির মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৬. জেলা তথ্য অফিসার, রংপুর।
০৭. সহকারী কমিশনার (ভূমি), মিঠাপুকুর/পীরগঞ্জ/বদরগঞ্জ/পীরগাছা/কাউনিয়া/তারাগঞ্জ, রংপুর। (অত্র নোটিশের .... কপি তার নিকট প্রেরণ করা হলো। উক্ত নোটিশ পূর্বতন ইজারাদার/মৎস্যজীবি সমবায় সমিতির মধ্যে জারি করে প্রতিবেদন আগামী................. তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
০৮. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রংপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৯. উপজেলা মৎস্য কর্মকর্তা, মিঠাপুকুর/পীরগঞ্জ/বদরগঞ্জ/পীরগাছা/কাউনিয়া/তারাগঞ্জ, রংপুর।
১০. উপজেলা সমবায় অফিসার, মিঠাপুকুর/পীরগঞ্জ/বদরগঞ্জ/পীরগাছা/কাউনিয়া/তারাগঞ্জ, রংপুর।
১১. সাব-রেজিস্ট্রার, মিঠাপুকুর/পীরগঞ্জ/বদরগঞ্জ/পীরগাছা/কাউনিয়া/তারাগঞ্জ, রংপুর।
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস, রংপুর সদর/পীরগাছা/মিঠাপুকুর/পীরগঞ্জ/তারাগঞ্জ, রংপুর।
১৩. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক .... বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে একদিনের সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. নোটিশ বোর্ড
১৫. অফিস কপি

২৭।৯।২৩
(মোকলেদা খাতুন মীম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
রংপুর
ফোন: ০২৫৮-৯৯৬২৬৪৮
ই-মেইল: rangpurb@gmail.com